

# ক্লাস বর্জনের ঘোষণা শাবিপ্রবি শিক্ষকদের

প্রতিনিধি, সিলেট

: রোববার, ৩০ জুন ২০২৪

সার্বজনীন পেনশন স্কিম বাতিল, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সুপার গ্রেডে অন্তর্ভুক্তি ও স্বতন্ত্র বেতনস্কেল প্রবর্তনের দাবিতে অনির্দিষ্টকালের জন্য ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) শিক্ষকরা।

আজ রোববার (৩০ জুন) বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে সকল শিক্ষকদের নিয়ে এক মতবিনিময় সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

এসময় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোহাম্মদ আনোয়ার হোসেন ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ আলমগীর কবীরের নেতৃত্ব বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান ও শিক্ষকরা উপস্থিত ছিলেন।

এ বিষয়ে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, সরকারের পক্ষ থেকে এখনো কোন ধরনের আশ্বাস দেওয়া হয়নি। তাই বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশনের সাথে একাত্মতা পোষণ করে ১লা জুলাই থেকে সর্বাঙ্গিক কর্মবিরতিতে যাব। এদিন থেকে সকল বিভাগের ক্লাস, পরীক্ষা বন্ধ থাকবে। দাবি আদায় হলে আমরা ক্লাস, পরীক্ষায় ফিরব।